**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 7 APRIL 2025** **TIME: 7:35 AM**

---

ধর্মীয় রীতি-নীতি , আধ্যাত্মিক বিশ্বাস আমাদেরকে পূর্ব পুরুষ এবং প্রকৃতির সঙ্গে যুক্ত করে রেখেছে আর এই ব্যবস্থা আমাদের জীবনে বাঁচার ক্ষেত্রে প্রেরনা যোগায় । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল তামুলপুর জেলায় অনুষ্ঠিত সারা বাথৌ মহাসভার প্রকাশ্য অধিবেশনে অংশ নিয়ে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেছেন । মূখ্যমন্ত্রী জানান যে বাথৌ মহাসভা বড়ো সম্প্রদায়ের ধর্মীয় ,আধ্যাত্মিক , সাংস্কৃতিক এবং ভাষিক চিন্তা চেতনাকে গভীরভাবে প্রভাবিত করছে ।

---

বড়ো জনগোষ্টীর পিতৃস্বরূপ উপেন্দ্র নাথ ব্রহ্মের নামে নতুন দিল্লীর বড়োল্যান্ড ভবনের নিকটে থাকা লালা লাজপত রায় সড়ক থেকে কৈলাশ কলোনীর মোড় পর্য্যন্ত সড়ককে বডোফা উপেন্দ্র নাথ ব্রহ্মের নামে করা হয়েছে । রাজ্যের মন্ত্রী উখরা ও গৌড়া ব্রহ্ম এজন্য প্রধানমন্ত্রী , স্বরাষ্ট্র মন্ত্রী ও রাজ্যের মূখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন ।

---

সমগ্র দেশের সঙ্গে আজ বরাক উপত্যকায়ও বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব স্বাস্থ্য দিবস পালন করা হচ্ছে । এবছর বিশ্ব স্বাস্থ্য দিবসের ভাবনা হচ্ছে - সুস্থ সূচনা ,আশাব্যঞ্জক ভবিষ্যৎ । এবছরের কার্য্যসূচী মা ও নবজাতকের স্বাস্থ্যের উন্নয়নে বিশেষভাবে আলোকপাত করবে ।

---

শ্রীভূমি জেলা হজ কমিটির সদস্য সচিব তথা অতিরিক্ত জেলা আয়ুক্ত আনিস রসুল মজুমদার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার হজ যাত্রীদের প্রশিক্ষন কর্মশালা আগামীকাল ও আগামী ৯ ও ১৪ই এপ্রিল অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামীকাল বদরপুর দেওরাইল টাইটেল মাদ্রাসায় , ৯ই এপ্রিল আসিমগঞ্জের আসিমিয়া এম ই মাদ্রাসায় এবং ১৪ই এপ্রিল শ্রীভূমি শহরের সেটেলমেন্ট বাজার জামে মসজিদে প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । প্রশিক্ষন কর্মশালা প্রতিদিন সকাল ১০টা থেকে শুরু হবে । জেলা হজ কমিটির পক্ষ থেকে এবছরের হজ যাত্রীদের কর্মশালায় অংশগ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১২ই এপ্রিল হাইলাকান্দি শহরের রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে এবছরের হজ যাত্রীদের প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসনের হজ শাখার পক্ষ থেকে এবছরের হজ যাত্রীদের কর্মশালায় উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

কাছাড় পুলিশ এক অভিযান চালিয়ে কালাইন ব্রাহ্মনগ্রামের বাসিন্দা রূপালি দত্ত নামের  এক নারী পাচারকারীকে গ্রেপ্তার করেছে ।  কাছাড় জেলার গুমরা চা বাগানের একটি নাবালিকাকে চাকুরীর প্রলোভন দিয়ে রাজস্থানে বিক্রী করার অভিযোগে রূপালী দত্তকে গ্রেপ্তার করা হয় ।

পুলিশ সুপার নোমাল মাহাতো জানান যে নাবালিকা পাচার চক্রের মূল অভিযুক্ত পলাতক রূপালি দত্তকে হায়দ্রাবাদের নানাক্রামগুডা অঞ্চল থেকে আটক করা হয় । উল্লেখ্য কাছাড় পুলিশ গত মার্চ মাসে রাজস্থান থেকে দুজন নাবালিকাকে উদ্ধার করেছিল এবং লীলারাম নামের একজন পাচারকারীকেও আটক করেছিল ।

---

হাইলাকান্দির জেলা ম্যাজিস্ট্রেট জেলায় আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে ভারতীয় নাগরিক সংহিতার ১৬৩ ধারা অনুসারে ঐ জেলায় কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে প্রশাসনের অনুমতি ছাড়া পাঁচ বা ততোধিক ব্যক্তির সমাবেশ, র‍্যালি, জনসভা, নির্বাচনী প্রচারসভা নিষিদ্ধ করা হয়েছে । অনুমতি নিলেও রাত দশটার পর কোনো সভা করা যাবে না । পাশাপাশি জেলায় কোনো মেলার আয়োজন করা যাবে না । নির্বাচনী প্রচার অভিযানে রাষ্ট্রবিরোধী কোনো বক্তব্য বা বিদ্বেষ মূলক কোনো বক্তব্য, শ্লোগান দেওয়া যাবে না । কোনো ব্যানার, পোস্টার, দেওয়াল লিখনে সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্নকারী বা ধর্মীয় কিংবা ভাষিক বিদ্বেষ ছড়ানোর মতো আপত্তিকর প্রচার করা যাবে না । এছাড়া কোনো ব্যক্তি বিশেষ বা বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে কোনো ধরণের দান গ্রহণ করা যাবে না । একইসঙ্গে অনুমোদনপ্রাপ্ত সবধরণের আগ্নেয়াস্ত্র অবিলম্বে নিকটবর্তী পুলিশ থানায় জমা দিতে বলা হয়েছে ।

---

## লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর ভ্যালি ভিউ এর ব্যবস্থাপনায় আজ কালাইন চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা

শিবির অনুষ্ঠিত হবে, শিবিরটি সকাল ১০ টায় শুরু হবে।

---

অসম ক্রিকেট সংস্থার উদ্যোগে আয়োজিত আসাম প্রিমিয়ার ক্লাব কাপ প্রতিযোগীতার ফাইনাল খেলায়  শিলচরের ইটখলা এথলেটিক ক্লাব বিজয়ী হয়েছে । বরাক উপত্যকার ক্রিকেট ইতিহাসে প্রথমবারের মতো কোনো ক্লাব এই সফলতা অর্জন করেছে ।  গতকাল গুয়াহাটীর জাজেস ফিল্ডে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায়  ইটখলা এথলেটিক ক্লাব বরপেটা জেলার তিরঙ্গা  ক্লাবকে এক উইকেটে পরাজিত করে । প্রথমে ব্যাট করতে নেমে ইটখলা এথলেটিক ক্লাব ৩১ ওভার দু বলে ৯ উইকেট হারিয়ে ১০১ রান সংগ্রহ করে । জবাবে  তিরঙ্গা ক্লাব ২৯ ওভার এক বল খেলে ৯৭ রান তুলতে সক্ষম হয় । ইটখলা এথলেটিক ক্লাবের ঋত্বিক ধর ম্যাচের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন ।

---